



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ

ফোন : ০২২২৩৩৮৬৯১১

পিএবিএক্স : ০২২২৩৩৮০০২১-২৫/২২৩৩

ই-মেইল : dgmpd2@krishibank.org.bd;

www.krishibank.gov.bd

নং-প্রকা/এইচআরএমডি(সেকশন-২)/৫৯/২০২৫-২০২৬/১৫১৪

তারিখ: ২৯ ডিসেম্বর ২০২৫

মেজর সরকার তারেক আহমেদ (অব.)

রেজিস্টার্ড

পিতা: মৃত মোঃ আনোয়ার উদ্দিন

ফ্ল্যাট নং: এ-২, সিঙ্গা কোর্ট, ১৫২,

মনিপুরিপাড়া, তেজগাঁও, ঢাকা-১২১৫।

বিষয়: বাংলাদেশ কৃষি ব্যাংকে চুক্তিভিত্তিক প্রধান নিরাপত্তা উপদেষ্টা (সার্বক্ষণিক) হিসেবে নিয়োগ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আনন্দের সাথে জানাচ্ছি যে, “চুক্তিভিত্তিক প্রধান নিরাপত্তা উপদেষ্টা (সার্বক্ষণিক)” পদে নিয়োগের জন্য আপনার আবেদন এবং চুক্তিভিত্তিক প্রধান নিরাপত্তা উপদেষ্টা নিয়োগ সংক্রান্ত সাক্ষাৎকার কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে আপনাকে বাংলাদেশ কৃষি ব্যাংকে নিম্নবর্ণিত শর্তে যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য চুক্তিভিত্তিক প্রধান নিরাপত্তা উপদেষ্টা (সার্বক্ষণিক) হিসেবে নিয়োগের জন্য মনোনীত করা হলো:

১.১	মাসিক সর্বসাকুল্যে ১,৪০,০০০/- (এক লক্ষ চল্লিশ হাজার) টাকা সম্মানী প্রদান করা হবে;
১.২	দুই ঈদে মোট সম্মানির ৫০% হারে উৎসব বোনাস ও ২০% হারে বৈশাখি ভাতা প্রাপ্য হবেন;
১.৩	ঢাকার বাহিরে দাপ্তরিক ভ্রমণের জন্য উপমহাব্যবস্থাপক পদমর্যাদায় টিএ-ডিএ প্রাপ্য হবেন;
১.৪	যাতায়াতের সুবিধার্থে গাড়ির সুবিধা (পিক এন্ড ড্রপ) প্রাপ্য হবেন;
১.৫	কর্তৃপক্ষের পূর্বনুমতি সাপেক্ষে ব্যাংক/সরকারের নিয়মানুযায়ী নৈমিত্তিক ছুটি ভোগ করতে পারবেন তবে নির্ধারিত ছুটির অতিরিক্ত ছুটি ভোগ করলে তা বিনা বেতনে ছুটি হিসেবে গণ্য হবে;
১.৬	উপরিউক্ত সুবিধা ব্যতীত অন্য কোনো প্রকার সুবিধা প্রাপ্য হবেন না;
১.৭	চাকরিতে যোগদানের পর যোগ্যতার ঘাটতি, দুর্নীতি/প্রভাবহার আশ্রয়, জাল সনদ দাখিল অথবা আবেদনপত্রে গুরুতর ত্রুটি পরিলক্ষিত হলে সরাসরি নিয়োগ বাতিল করা হবে এবং ব্যাংক থেকে প্রদত্ত সমুদয় আর্থিক সুবিধাদি ফেরত দিতে বাধ্য থাকবেন মর্মে ৩০০/- টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারপত্র প্রদান করতে হবে;
১.৮	ব্যাংকে চাকরির অবস্থায় বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকায় দায়িত্ব পালন করতে হবে; ব্যাংকের অফিস সময়সূচী ছাড়াও কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক দায়িত্বপালন করতে হবে এবং অন্য কোথাও চাকরি, ব্যবসা বা পরামর্শক হিসেবে নিয়োজিত থাকা যাবে না;
১.৯	ব্যাংকের প্রচলিত নিয়ম-কানুন ও বিধি-বিধান মেনে চলতে হবে এবং সততা, আন্তরিকতা ও নিষ্ঠার সাথে কার্যপরিধি (ToR) মোতাবেক দায়িত্ব পালন করতে হবে;
১.১০	ব্যাংকের নির্দিষ্ট ছকে বিশ্বস্ততা এবং গোপনীয়তা রক্ষার ঘোষণাপত্রে স্বাক্ষর করতে হবে;
১.১১	প্রতি ০৩ (তিন) দিনের বিলম্বিত হাজিরার জন্য ০১ (এক) দিনের নৈমিত্তিক ছুটি অথবা ০১ (এক) দিনের সমপরিমাণ সম্মানী কর্তন করা হবে;
১.১২	অননুমোদিত অনুপস্থিতির জন্য আনুপাতিক হারে সম্মানী কর্তন করা হবে;
১.১৩	কাজের মান সন্তোষজনক বিবেচনায় এবং পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে ব্যাংকের প্রয়োজনে চুক্তির মেয়াদ বৃদ্ধি করা হবে। চুক্তির মেয়াদকালে উভয় পক্ষের যে কোন একপক্ষ এক মাসের নোটিশে চুক্তি বাতিল করতে পারবে, ব্যর্থতায় ০১ (এক) মাসের সম্মানির সমপরিমাণ অর্থ জমা প্রদান করতে হবে;
১.১৪	এ নিয়োগ বাংলাদেশ কৃষি ব্যাংক কর্মকর্তা-কর্মচারী চাকুরি প্রবিধানমালা দ্বারা পরিচালিত হবে না;
১.১৫	ব্যাংকের চাকরিতে যোগদানের জন্য ভ্রমণ ভাতা (T.A)/দৈনিক ভাতা (D.A) বা অন্য কোন প্রকার ভাতা প্রাপ্য হবেন না;
১.১৬	নিয়োগপত্রে প্রদত্ত শর্তাবলিতে সম্মত মর্মে ৩০০ টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ০১ (এক) টি অঙ্গীকারনামা দাখিল করতে হবে;
১.১৭	কার্যপরিধি অনুযায়ী দায়িত্ব পালনের ক্ষেত্রে সরাসরি ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কৃষি ব্যাংক বরাবর রিপোর্ট করবেন;
১.১৮	উপরিউক্ত শর্তসমূহে উল্লেখ করা হয়নি এমন বিষয়/বিষয়সমূহে বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

০২। আপনাকে আগামী ০১ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের মধ্যে মহাব্যবস্থাপক, প্রশাসন মহাবিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা এর নিকট যোগদানপত্র দাখিল করার জন্য পরামর্শ দেয়া হলো। নির্ধারিত তারিখের মধ্যে আপনি যোগদান করতে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,


(মোঃ জাহিদ হোসেন)

উপমহাব্যবস্থাপক

নং-প্রকা/এইচআরএমডি(সেকশন-২)/৫৯/২০২৫-২০২৬/১৫১৪(১২৫০)

তারিখ: ২৯ ডিসেম্বর ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

০৪। সকল উপমহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (চুক্তিভিত্তিক প্রধান নিরাপত্তা উপদেষ্টা পদে নিয়োগপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে প্রকাশের জন্য উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ-কে অনুরোধ করা হলো)।

০৫। ব্যক্তিগত নথি/মহানথি।


(মোঃ রকিবুল হাসান)
সহকারী মহাব্যবস্থাপক